

কোন সাধে দিয়েছিলাম ডুব

কোন সাধে দিয়েছিলাম ডুব

সেই যে মরেছি ডুব দিয়ে চোখের সমুদ্রে তোমার

হয়নি স্নান, সাঁতার জানিনা,

তাই এখনো ডুবে আছি, মস্তিত গরল গিলে

নীলকণ্ঠ হয়ে গেছি। দূরন্ত ঝঞ্ঝা বুকে নিয়ে

প্রোথিত হয়ে আছি গভীর বিবরে আমূল

সেই কবে থেকে,

সর্বান্তে শিকল বাঁধা ভালবাসার ক্রীতদাস।

কেন যে মরতে এসেছিলাম, কেন দিয়েছিলাম ডুব

চোখের সমুদ্রে সুখ খুঁজে পেতে

এ কী মরীচিকা ভুল করেছি আমি।

তোমার চোখে সুমুদ্র দিয়েছে যে

জবাবদিহি চাই তার কাছে।

তুমি কি আমাকে শেখাবে সাঁতার!

যতই ডুবছি অতলে, সমুদ্র গভীর তত

যে দিকেই যাই, মরছি ততই বেশী যন্ত্রণায়

হাল ছেড়ে দেয়া নাবিকের মতো দিকভ্রষ্ট আমি।

তোমার চোখ বন্ধ করো, সমুদ্র রাখো ঢেকে

ডুব দিয়ে যেন মরেনা অন্য কেউ,

আমিতো এখন আমি নই, অচেনা অন্য কেউ হবে।

না জেনে না বুঝে যে বিষ করেছি পান

আকণ্ঠ চুমুক দিয়ে, সমুদ্রের জলে সেই তিক্ত স্বাদ।

তবে কি জীবন কাঠি খুঁজে খুঁজে নিরুদ্দিষ্ট হবো

চোখের সমুদ্রে হবো নাম গোত্রহীন কোন কিছু!